দৈনিক সংবাদ

তারিখ 27 MAY 1986
পৃষ্ঠা 6 কলাম 3

024

## কারিগরি শিক্ষা বোর্ড

## জবাব দেবেন কি ?

গত ২২শে মে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন প্রকৌশল ডিপ্লোমা দ্বিতীয়পর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। কিন্তু স্মরণকালের মধ্যে যে ঘটনা আমরা শুনি নাই, বোর্ড কর্তৃপক্ষ এই ফলাফল প্রকাশে সেটাই ঘটিয়ে এক নজিরবিহীন স্বেচ্ছাচারিতা এবং যুক্তিহীন পদক্ষেপের আশ্রয় নিয়েছেন। তা হলো, রাজশাহী পলিটেকনিক ইংসটিটিউট-এর সকল ছাত্রের ফলাফল স্থগিত রাখা। তথাকথিত অসদুপায় এবং অসদাচরণের অজুহাতে নাকি এই ব্যবস্থা গৃহীত হয়েছে। আমাদের প্রশ্ন হলো, দুই/একজন ছাত্রের অসদুপায়ের দায়ে কি সকল ছাত্রকে ভুক্তভোগী হতে হবে? পৌনে দু'শ ছাত্রের মধ্যে কি সবাই দোষী? আমাদের আরো প্রশ্ন হলো, কর্তৃপক্ষ এই চার মাস কি করেছিলেন? পরীক্ষা চলাকালীন সময়ের সামান্য বিশৃংখলাকে যদি বোর্ড কর্তৃপক্ষ এতই গুরুত্ব দেন তবে ঘটনার পর পরই কেন তদন্ত কমিটি গঠিত হলো না? আগামী ৩রা জুন তারিখে ঢাকা ইঞ্জিনিয়ারিং কলেজ, জয়দেবপুরে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ। এর মধ্যে আমরা যদি রেজাল্ট না পাই তবে যে সমস্ত মেধাবী ছাত্র উচ্চ শিক্ষা লাভে আগ্রহী ছিল তাদের সে পথ হয়ত চিরতরে রুদ্ধ হয়ে যাবে। তাই বোর্ড কর্তৃপক্ষ সমীপে আকুল আবেদন, আপনাদের অযৌক্তিক সিদ্ধান্ত বাতিল করে রাজশাহী পলিটেকনিক ইংসটিটিউট-এর ফলাফল অতি সত্বর প্রকাশ করে এতগুলো ছাত্রের ভবিষ্যৎ জীবন রক্ষা করুন।

—কতিপয় ভুক্তভোগী ছাত্র।